গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : তপন কুমার ঘোষ
মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : ব্যুরোর সম্মেলন কক্ষ।

তারিখ : ১৭ সেপ্টেম্বর ২০২০; সময়: দুপুর ১২-০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| ১.১ | **নৈতিকতা কমিটির সভা:** ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অগ্রগতির ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত ফরমেটে ১৫/১০/২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | ২০২০-২০২১ বছরের গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ফরমেটে যথাসময়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ১.২ | **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়। | ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল কর্মকর্তা, উশিব্যু/ প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু। |
| ২. | **দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন** | | |
| ২.১ | **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:** মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট এনজিওদের সাথে নিয়মিত সভা করতে হবে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত সভা করতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু। |
| ২.২ | **অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা প্রয়োজন। | সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২.৩ | **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন:** ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের লক্ষ্যস্থিত ২০০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | ১. Zoom Apps-এর মাধ্যমে করোনা প্রাদুর্ভাব অবস্থায় নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>২. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং বিএলপিসহ কর্মকর্তা/কর্মচারীদের অক্টোবর/২০ মাসে ১ম ব্যাচ-এ ৫০ জনঘন্টা প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (বাস্তঃ ও প্রশিক্ষণ), উশিব্যু। |
| ২.৪ | **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:** প্রশিক্ষণ কর্মপরিকল্পনা এবং প্রশিক্ষণ মড্যুয়েলে সুশাসন সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত রাখতে হবে। | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ মড্যুয়েলে সুশাসন সংক্রান্ত বিষয় সর্বদা অন্তর্ভুক্ত রাখতে হবে। | |
| ৩. | **শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন** | | |
| ৩.১ | **উপানুষ্ঠানিক শিক্ষা বিধিমালা ২০২০ (খসড়া) অনুমোদন:** উপানুষ্ঠানিক শিক্ষা বিধিমালা ২০২০ (খসড়া) নিয়ে ০৭/৯/২০২০ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ একটি পরীক্ষামূলক খসড়া কিছুটা সংশোধন করে প্রণয়ন করা হয়েছে। উক্ত পরীক্ষামূলক খসড়া নিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে খসড়াটি চূড়ান্ত করে পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হবে। আগামী জুন ২০২১ এর মধ্যে বিধিমালার অনুমোদন সম্ভব হবে। | আগামী ৩০/৬/২০২১ এর মধ্যে উপানুষ্ঠানিক শিক্ষা বিধিমালা, ২০২০-এর অনুমোদন সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.২ | **উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের সাংগঠনিক কাঠামো অনুমোদন:** উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের ১৬৬ জনবলের সাংগঠনিক কাঠামো অনুমোদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। জুন/২১ এর মধ্যে এটি অনুমোদনের লক্ষ্য ধরা হয়েছে। | উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের সাংগঠনিক কাঠামো অনুমোদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে, যাতে লক্ষ্যমাত্রা অর্জিত হয়। | |
| ৪. | **ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ** | | |
| ৪.১ | **সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ:** এটি ৪ কোয়ার্টারে হালনাগাদকরণের জন্য ১৫/৯/২০, ২২/১২/২০, ২৫/৩/২১ ও ১৫/৬/২১ তারিখে লক্ষ্যস্থির করা হয়েছে। | ১ম কোয়ার্টারে ১৪/৯/২০২০ তারিখে আপডেট করা হয়েছে। প্রতি কোয়ার্টারের নির্ধারিত সময়ে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ব্যুরোর তথ্য বাতায়নে (ওয়েবসাইটে) হালনাগাদ করতে হবে। | সিস্টেম এনালিষ্ট, উশিব্যু। |
| ৪.২ | **স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ:** এটি ৪ কোয়ার্টারে হালনাগাদকরণের জন্য ১৫/৯/২১, ২২/১২/২০, ২৫/৩/২১ ও ২২/৬/২১ তারিখে লক্ষ্যস্থির করা হয়েছে। | ১ম কোয়ার্টারে ১৪/৯/২০২০ তারিখে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। প্রতি কোয়ার্টারের নির্ধারিত সময়ে শুদ্ধাচার সেবাবক্স ব্যুরোর ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | |
| ৪.৩ | **স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ:** এটি ৪ কোয়ার্টারে হালনাগাদকরণের জন্য ১৫/৯/২১, ২২/১২/২০, ২৫/৩/২১ ও ২৪/৬/২১ তারিখে লক্ষ্যস্থির করা হয়েছে। | ১ম কোয়ার্টারে ১৪/৯/২০২০ তারিখে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। প্রতি কোয়ার্টারের নির্ধারিত সময়ে তথ্য অধিকার সেবাবক্স ব্যুরোর ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | |
| ৪.৪ | **স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ:** এটি ৪ কোয়ার্টারে হালনাগাদ-করণের জন্য ১৫/৯/২০, ২২/১২/২০, ২৫/৩/২১ ও ২৪/৬/২১ তারিখে লক্ষ্যস্থির করা হয়েছে। | ১ম কোয়ার্টারে ১৪/৯/২০২০ তারিখে অভিযোগ প্রতিকার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। প্রতি কোয়ার্টারের নির্ধারিত সময়ে অভিযোগ প্রতিকার সেবাবক্স ব্যুরোর ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | |
| ৪.৫ | **স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ:** এটি ৪ কোয়ার্টারে হালনাগাদকরণের জন্য ১৫/৯/২০, ২২/১২/২০, ২৫/৩/২১ ও ২৪/৬/২১ তারিখে লক্ষ্যস্থির করা হয়েছে। | ১ম কোয়ার্টারে ১৪/৯/২০২০ তারিখে স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করা হয়েছে। প্রতি কোয়ার্টারের নির্ধারিত সময়ে স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য ব্যুরোর ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | |
| ৫. | **সুশাসন প্রতিষ্ঠা** | | |
| ৫.১ | **উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ:** উক্ত তালিকা প্রেরণে জন্য ৩১/১২/২০২০ লক্ষ্যস্থির করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে কথা বলে উত্তম চর্চার খসড়া ঠিক করে সভার মাধ্যমে তা চূড়ান্ত করে যথাসময়ে তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সিস্টেম এনালিষ্ট এবং উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ৫.২ | **অনলাইন সিষ্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ:** অনলাইনে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে শতভাগ নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে তথ্যাদি নিয়মিত ওয়েবসাইটে আপডেট রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ৬. | **প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার** | | |
| ৬.১ | **প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন:** প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের জন্য ৩০/৯/২০২০ তারিখ লক্ষ্যস্থির করা হয়েছে। | ক্রয় পরিকল্পনা ২৩/৭/২০২০ তারিখে অনুমোদন করা হয়েছে। | প্রকল্প পরিচালক, বিএলপি এবং উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু। |
| ৬.২ | **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ:** অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি লক্ষ্যস্থির করা হয়েছে। | ১ম কোয়ার্টারে ১টি লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | প্রকল্প পরিচালক, বিএলপি/ উপ-পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু। |
| ৬.৩. | **প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন:** প্রাপ্ত সুপারিশ ১০০% বাস্তবায়নের লক্ষ্যস্থির করা হয়েছে। | প্রাপ্ত সুপারিশ ১০০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, বিএলপি এবং উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু। |
| ৭. | **ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার** | | |
| ৭.১ | **পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:** ৩১/৭/২০১৯ তারিখের মধ্যে অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যস্থির করা হয়েছে। | ৩১/৭/২০১৯ তারিখে অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ৭.২ | **ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন:** ২০২০-২০২১ অর্থ বছরে ১০০% লক্ষ্যস্থির রয়েছে। | ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যক্রম ১০০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮. | **স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ** | | |
| ৮.১ | **স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ:** ব্যুরোর প্রধান কার্যালয় এবং জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয়ে সিটিজেন চার্টার প্রদর্শন করা আছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার আপডেট করার কাজ চলমান আছে। | ১. মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার আপডেট করতে হবে।<br>২. সিটিজেন চার্টার মোতাবেক নাগরিকদের সেবা নিশ্চিত করতে হবে।<br>৩. জেলা পর্যায়ে সিটিজেন চার্টার প্রদর্শন ও অভিযোগ বাক্স স্থাপনের বিষয়ে ব্যুরো থেকে সহকারী পরিচালক, জেউশিব্যু-কে পত্র দিতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ) এবং জেউশিব্যু (সকল জেলা) |
| ৮.২ | **শাখা/অধিশাখা ও আওতাধীন/অধঃস্তন কার্যালয় পরিদর্শন:** ব্যুরোতে চলতি বছরে শাখা পরিদর্শন ২৯টি লক্ষ্যস্থির রয়েছে। | ১ম কোয়ার্টারে ৫টি শাখা পরিদর্শন করা হয়েছে। প্রমাণক প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে। | প্রকল্প পরিচালক, বিএলপি/ সকল কর্মকর্তা, উশিব্যু |
| ৮.৩ | **শাখা/অধিশাখা ও আওতাধীন/অধঃস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন:** পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত সুপারিশ ১০০% বাস্তবায়নের লক্ষ্যস্থির রয়েছে। | পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত সুপারিশ ১ম কোয়ার্টারে ১০০% বাস্তবায়ন নিশ্চিত হয়েছে। প্রাপ্ত সুপারিশ ১০০% বাস্তবায়ন সর্বদা নিশ্চিত করতে হবে। | |
| ৮.৪ | **সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ:** সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী ব্যুরোর সকল নথি ১০০% বিন্যাসকৃত। | সকল নথি বিন্যাসে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরণ করতে হবে। | |
| ৮.৫ | **শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ:** চলতি অর্থবছরে নথি বিনষ্টকরণের ১০০% লক্ষ্যস্থির রয়েছে। | ১ম কোয়ার্টারে কোন নথি বিনষ্ট করা হয়নি। ইতোপূর্বে গঠিত কমিটি সভা করে নথি বিনষ্টকরণের বিষয়ে মহাপরিচালকের নিকট প্রস্তাব দাখিল করবেন। যাতে ১০০% লক্ষ্য অর্জন করা যায়। | |
| ৮.৬ | **প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন:** চলতি অর্থবছরে ২য় ও ৪র্থ কোয়ার্টারে এনজিও/শিক্ষক/সুপারভাজারগণের সাথে উক্ত গণশুনানির লক্ষ্যস্থির রয়েছে। | এনজিও/শিক্ষক/সুপারভাজারগণের সাথে উক্ত গণশুনানির লক্ষ্য অর্জন নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন ও প্রশিক্ষণ), উশিব্যু। |
| ৯. | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| ৯.১ | **দপ্তর দুর্নীতিমুক্ত ষ্টিকার লাগানো:** দুর্নীতিমুক্ত ষ্টিকার সরবরাহের জন্য লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২০ তারিখে লক্ষ্যস্থির রয়েছে। | ২৪/১২/২০১৯ তারিখে দুর্নীতিমুক্ত ষ্টিকার লাগানো হয়েছে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ৯.২ | **সিসিটিভি স্থাপন:** ব্যুরোর সকল শাখায় এবং গুরুত্বপূর্ণ স্থানে সিসিটিভি স্থাপনের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২০ তারিখে লক্ষ্যস্থির রয়েছে। | ০১/০২/২০১৯ তারিখে সিসিটিভি স্থাপন করা হয়েছে। | |
| ৯.৩ | **অভিযোগ বক্স স্থাপন:** ব্যুরোতে স্বচ্ছ অভিযোগ স্থাপনের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২০ তারিখে আছে। প্রাপ্ত অভিযোগ গুরুত্বসহ বিবেচনায় আনা হচ্ছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | ০১/১০/২০১৯ তারিখে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ গুরুত্বসহ বিবেচনায় এনে তা সমাধানের পদক্ষেপ নিতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ৯.৪ | **সতর্কীকরণ বিজ্ঞপ্তি স্থাপন:** এটি স্থাপনের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২০ তারিখে লক্ষ্যস্থির রয়েছে। | ২৪/৯/২০১৯ তারিখে সতর্কীকরণ বিজ্ঞপ্তি স্থাপন করা হয়েছে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ৯.৫ | **মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান:** ব্যুরোর ২০০ জন কর্মকর্তা/কর্মচারীকে উক্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যস্থির রয়েছে। | ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। ব্যুরোর সকল প্রশিক্ষণে বিষয়টি অন্তর্ভুক্ত রাখতে হবে। | উপ-পরিচালক (বাস্তঃ ও প্রশিক্ষণ), উশিব্যু। |
| ১০. | **শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান** | | |
| ১০.১ | **শুদ্ধাচার পুরস্কার প্রদান:** চলতি বছরে ব্যুরো'র ২ জন কর্মকর্তা/কর্মচারীকে ৩১/৫/২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যস্থির করা হয়েছে। | যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে। ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত ৪ জন কর্মকর্তা/কর্মচারীকে আনুষ্ঠানিকভাবে শুদ্ধাচার সার্টিফিকেট প্রদান নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু। |
| ১১. | **কর্ম-পরিবেশ উন্নয়ন** | | |
| ১১.১ | **কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি):** অকেজো মালামাল অপসারণের ১৫/৬/২০২১ তারিখে লক্ষ্যস্থির রয়েছে। | অকেজো মালামাল অপসারণের স্থিরকৃত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ১২. | **অর্থ বরাদ্দ** | | |
| ১২.১ | **শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ:** এ খাতে ১ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। | যথাসময়ে বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩. | **পরিবীক্ষণ ও মূল্যায়ন** | | |
| ১৩.১ | **দপ্তরর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয় এবং ওয়েবসাইটে আপলোডকরণ:** এটি ১০/৮/২০২০ তারিখে ব্যুরোর ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যস্থির আছে। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ ৯/৮/২০২০ তারিখে ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | সিষ্টেম এনালিষ্ট ও উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ১৩.২ | **নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ:** প্রতি কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদন যথাক্রমে ১৫/১০/২০২০, ১৫/১/২০২১, ১৫/৪/২০২১ এবং ১৫/৭/২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যস্থির আছে। | ১ম কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত ১৫/১০/২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রতি কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করে ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | সিষ্টেম এনালিষ্ট ও উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ১৩.৩ | **আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:** ব্যুরোর জন্য প্রযোজ্য নয়। | বিষয়টি ব্যুরোর ক্ষেত্রে প্রযোজ্য নয় মর্মে কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে। | - |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে অধিকতর যত্নবান হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০.০৯.২০২০
(তপন কুমার ঘোষ)
মহাপরিচালক
ফোন: ২২২২৪৭৮৯৫

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.০৫.৩৯৫.১৩-৫০১

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭ / ৩০ সেপ্টেম্বর ২০২০

কার্যার্থে:

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু, ঢাকা।
৩। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা---(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৬। লাইব্রেরিয়ান/ষ্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৭। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল জেলা), জেলাঃ........................................
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে:

সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/৯/২০২০
(ড. মোছাঃ ফাহমিদা বেগম)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোনঃ ২২২২৯২৭৪০